

## 💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

২৩: মানুষ কি বাধ্যগত জীব নাকি স্বাধীন?

এধরনের শব্দ ব্যবহার করা উচিৎ নয়। কেননা এ দু'টিই ভুল। কুরআনুল কারীম ও সহীহ হাদীসের বক্তব্য অনুযায়ী প্রমাণিত হয়, মানুষের ইচ্ছাশক্তি রয়েছে এবং সে তার ইচ্ছাশক্তি প্রয়োগের মাধ্যমেই আমল করে থাকে। তবে এসবকিছুই আল্লাহ্র ইলম এবং ইচ্ছার অধীন। এরশাদ হচ্ছে,

﴿لِمَن شَاءَ مِنكُمِ ۚ أَن يَس اَتَقِيمَ ٢٨ وَمَا تَشَاءُونَ إِلَّا أَن يَشاءَ ٱللَّهُ رَبُّ ٱلاَّعْلَمِينَ ٢٩ "(এই উপদেশ) তার জন্য, তোমাদের মধ্যে যে সরল পথে চলতে চায়। তোমরা আল্লাহ রাব্বুল আলামীনের ইচ্ছার বাইরে অন্য কিছুই ইচ্ছা করতে পার না" (তাকভীর ২৮-২৯)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1508

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন